খালেদা জিয়ার প্রতি সমর্থন ও ভালোবাসায় ধন্যবাদ জানালেন তারেক রহমান



সংগৃহীত ছবি

বেগম খালেদা জিয়ার সুস্থতার জন্য বিশ্বজুড়ে পাঠানো সহযোগিতা ও শুভকামনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, জিয়া পরিবার ও বিএনপির পক্ষ থেকে সকলকে আন্তরিক ধন্যবাদ।

আজ মঙ্গলবার (২ ডিসেম্বর) সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তারেক রহমান লিখেছেন, “বিভিন্ন দেশের নেতৃবৃন্দ, কূটনীতিকবৃন্দ ও বন্ধুদের উদ্বেগ ও উৎকণ্ঠা, সঙ্গে দেশের মানুষদের অসীম ভালোবাসা ও প্রার্থনা আমাদের গভীরভাবে স্পর্শ করছে। দেশের সম্মিলিত সমর্থনই আমাদের পরিবারের শক্তি ও প্রেরণার উৎস। আমরা সবাই বেগম খালেদা জিয়ার দ্রুত আরোগ্যের জন্য নিরন্তর দোয়া করছি। এই কঠিন সময়ে ঐক্য, সহমর্মিতা ও সংহতির জন্য প্রতিটি মানুষের প্রতি আমাদের অন্তরের কৃতজ্ঞতা অপরিসীম।”

সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গুরুতর অসুস্থ হয়ে ২৩ নভেম্বর থেকে হাসপাতালে চিকিৎসাধীন। লিভারজনিত জটিলতা, কিডনির কার্যকারিতা হ্রাস, শ্বাসকষ্ট ও ডায়াবেটিসসহ একাধিক শারীরিক সমস্যার কারণে তার চিকিৎসা আরও জটিল হয়ে উঠেছে। অবস্থা আরও অবনতি হওয়ায় তাকে আইসিইউ সমমানের হাইডিপেনডেন্সি ইউনিটে (এইচডিইউ) রাখা হয়েছিল, এবং রোববার ভোরে তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্র আইসিইউতে স্থানান্তর করা হয়।